# ই-জিপি: রেজিস্ট্রেশন ও টেন্ডারিং

## ই-জিপি: রেজিস্ট্রেশন প্রক্রিয়া

### রেজিস্ট্রেশনের জন্য আপনার কী প্রয়োজন?

- কম্পিউটারে মোজিলা ফায়ারফক্স (3.6x, 13x, 14x, 29x) অথবা ইন্টারনেট এক্সপোরার (8x, 9x, 10x) ব্রাউজার
- হাই স্পিড ইন্টারনেট কানেকশন
- সচল ই-মেইল অ্যাড্রেস।

**রেজিস্ট্রেশন ও নবায়ন ফি**

জাতীয় টেন্ডারারদের জন্য রেজিস্ট্রেশন ফি ৫,০০০ টাকা এবং আন্তর্জাতিক টেন্ডারারদের জন্য ২০০ মার্কিন ডলার।

জাতীয় টেন্ডারারদের ২,০০০ টাকা ও আন্তর্জাতিক টেন্ডারারদের ১০০ মার্কিন ডলার ফি প্রদান করে প্রতিবছর নবায়ন করতে হবে।

### কীভাবে রেজিস্ট্রেশন করবেন?

**ধাপ-১: ইউজার ই-মেইল আইডি যাচাইকরণ**

- www.eprocure.gov.bd-তে যান, নিউ ইউজার রেজিস্ট্রেশন-এ ক্লিক করুন এবং রেজিস্ট্রেশনের প্রক্রিয়া শুরু করার জন্য ফরম পূরণ করুন
- এখন ই-জিপি সিস্টেম থেকে কোডসহ আপনি একটি ভেরিফিকেশন ই-মেইল পাবেন
- ৭২ ঘণ্টার মধ্যে ই-মেইলে পাঠানো লিংকটিতে ক্লিক করুন এবং ভেরিফিকেশনের জন্য ই-মেইলে প্রাপ্ত কোডসহ ফরম পূরণ করুন
- এবার ই-জিপি সিস্টেম থেকে আপনি কনফার্মেশন ই-মেইল পাবেন। ই-মেইলটি প্রিন্ট করুন। ই-মেইলে আরও কিছু নির্দেশনা এবং ডকুমেন্টের তালিকা থাকবে যা পরবর্তীতে আপনাকে স্ক্যান করতে হবে এবং ই-জিপি সিস্টেমে আপলোড করতে হবে।

**ধাপ-২: ব্যাংকে রেজিস্ট্রেশন ফি প্রদান**

- কনফার্মেশন ই-মেইল প্রিন্টটি ই-জিপি রেজিস্ট্রিকৃত ব্যাংকে নিয়ে যান
- ফি জমা দিয়ে স্লিপ নিন। ই-জিপি সদস্য তালিকাভুক্ত ব্যাংকগুলো দেখতে http://www.eprocure.gov.bd/MemScheduleBank.jsp ভিজিট করুন
- ফি প্রদানের পরপরই আপনি একটি পেমেন্ট কনফার্মেশন ই-মেইল পাবেন।

**ধাপ-৩: প্রোফাইল পূরণ এবং ডকুমেন্ট সিপিটিইউতে প্রেরণ**

- আপনার ভেরিফাই করা ই-মেইল আইডি দিয়ে ই-জিপি ওয়েবসাইটে লগইন করুন এবং প্রোফাইল ডিটেইল সম্পন্ন করুন
- পেমেন্ট স্লিপসহ অত্যাবশ্যক ডকুমেন্টগুলো স্ক্যান করে আপলোড করুন, প্রোফাইল তথ্য রিভিউ করুন এবং 'ফাইনাল সাবমিশন' বাটন ক্লিক করুন
- সবশেষে আপনার ডকুমেন্টের হার্ড কপি সত্যায়িত করে সিপিটিইউ, সিপিটিইউ ভবন, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ এই ঠিকানায় ডাকযোগে বা কুরিয়ারে পাঠিয়ে দিন।

**ধাপ-৪: প্রোফাইল ভেরিফিকেশন এবং অনুমোদন**

- ডকুমেন্ট ভেরিফিকেশনের পর আপনার কাগজপত্র সঠিক থাকলে আপনি সর্বোচ্চ ৩ সপ্তাহের মধ্যে সিপিটিইউ থেকে একটি 'অনুমোদন ই-মেইল' এবং 'এসএমএস নোটিফিকেশন' পাবেন
- এবার আপনি ই-জিপি ব্যবহার করতে পারেন।

### ই-জিপি রেজিস্ট্রি করতে যেসব ডকুমেন্টের স্ক্যানকৃত বা পিডিএফ কপি জমা দিতে হবে

**টেন্ডারার এবং কনসালটিং ফার্মের জন্য (জাতীয়/আন্তর্জাতিক)**

- কোম্পানি ইনকর্পোরেশন সার্টিফিকেট (কোম্পানির ক্ষেত্রে) অথবা রেজিস্ট্রেশন ডকুমেন্ট
- ট্রেড লাইসেন্স (প্রযোজ্য হলে)
- বৈধ 'ট্যাক্স আইডেনটিফিকেশন নাম্বার' (TIN) সার্টিফিকেট (প্রযোজ্য হলে)
- বৈধ 'ভ্যালু অ্যাডেড ট্যাক্স' (VAT) রেজিস্ট্রেশন সার্টিফিকেট অথবা গুডস ও সার্ভিসেস ট্যাক্স (GST) রেজিস্ট্রেশন সার্টিফিকেট
- ফার্মের মালিকের/কোম্পানির অথরাইজেশন লেটার
- ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির জাতীয় পরিচয়পত্র অথবা পাসপোর্টের প্রথম ৪ পৃষ্ঠা
- ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির এক কপি পাসপোর্ট সাইজ ছবি
- ই-জিপি রেজিস্ট্রেশন ফি পেমেন্ট স্লিপ।

**সরকারি মালিকানাধীন প্রতিষ্ঠান (জাতীয়)-এর জন্য**

- সংবিধিবদ্ধ মর্যাদার প্রমাণপত্র
- আর্থিক স্বায়ত্বশাসনের প্রমানপত্র
- ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির জাতীয় পরিচয়পত্র অথবা পাসপোর্টের প্রথম ৪ পৃষ্ঠা
- ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির এক কপি পাসপোর্ট সাইজ ছবি
- ই-জিপি রেজিস্ট্রেশন ফি পেমেন্ট স্লিপ।

**কনসালটেন্ট-এর জন্য (জাতীয় ও আন্তর্জাতিক)**

- ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির জাতীয় পরিচয়পত্র অথবা পাসপোর্টের প্রথম ৪ পৃষ্ঠা
- ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির এক কপি পাসপোর্ট সাইজ ছবি
- ই-জিপি রেজিস্ট্রেশন ফি পেমেন্ট স্লিপ।

**ইলেকট্রনিক টেন্ডার ঝুট-ঝামেলা নেই আর**

### ধাপ-১: ইউজার ই-মেইল আইডি যাচাইকরণ

1. www.eprocure.gov.bd ওয়েব সাইটে গিয়ে 'New User Registration'-এ ক্লিক করুন এবং ফরম পূরণ করুন।
2. আপনি লিংক ও কোডসহ একটি ভেরিফিকেশন ই-মেইল পাবেন।
3. ভেরিফিকেশন ই-মেইলের লিংক-এ ক্লিক করুন এবং ই-মেইল আইডি ভেরিফাই করার জন্য কোডসহ ফরম পূরণ করুন।
4. প্রাপ্ত কনফার্মেশন ই-মেইলটি প্রিন্ট করুন।

### ধাপ-২: ব্যাংকে রেজিস্ট্রেশন ফি প্রদান

1. কনফার্মেশন আইডিটি ই-জিপি রেজিস্ট্রিকৃত ব্যাংকে নিয়ে ফি পরিশোধ করে পেমেন্ট স্লিপ নিন।
2. আপনি একটি পেমেন্ট কনফার্মেশন ই-মেইল পাবেন।

### ধাপ-৩: প্রোফাইল পূরণ এবং ডকুমেন্ট সিপিটিইউতে প্রেরণ

1. ই-জিপি ওয়েবসাইটে গিয়ে লগইন করুন এবং প্রোফাইল ডিটেইলস পূরণ করুন।
2. প্রয়োজনীয় সকল কাগজপত্র স্ক্যান করুন এবং আপলোড করে 'ফাইনাল সাবমিশন' বাটন-এ ক্লিক করুন।
3. ডকুমেন্টের সত্যায়িত হার্ডকপি পোস্ট অফিস বা কুরিয়ার এর মাধ্যমে সিপিটিইউ-তে পাঠিয়ে দিন।

### ধাপ-৪: প্রোফাইল ভেরিফিকেশন এবং অনুমোদন

1. কাগজপত্রগুলো নির্ভুল হলে সিপিটিইউ থেকে আপনি 'অ্যাপ্রুভাল' বা 'অনুমোদন' ই-মেইল এবং এসএমএস নোটিফিকেশন পাবেন।
2. এবার আপনি ই-জিপি ব্যবহার শুরু করুন।

## ই-জিপি: টেন্ডারিং প্রক্রিয়া

**ধাপ-১: টেন্ডার সংক্রান্ত তথ্য**

- টেন্ডার নোটিশ দেখার জন্য www.eprocure.gov.bd ওয়েব সাইটে গিয়ে 'e-Tenders' এ ক্লিক করে টেন্ডারের টাইটেলের উপর ক্লিক করুন
- আপনার রেজিস্ট্রিকৃত ই-মেইল আইডি দিয়ে লগইন করে 'মাই-টেন্ডার', 'লিমিটেড টেন্ডার' ও 'অল-টেন্ডার' মেনু থেকেও টেন্ডার নোটিশ দেখতে পাবেন
- রেজিস্টার্ড টেন্ডারারগণ ডকুমেন্ট ফি ছাড়াই টেন্ডার ডকুমেন্ট দেখতে পাবেন।

**ধাপ-২: টেন্ডার প্রক্রিয়ায় অংশগ্রহণ**

- টেন্ডারে অংশগ্রহণ করতে আপনার রেজিস্টার্ড ই-মেইল আইডিতে ই-জিপি সদস্যভুক্ত ব্যাংক বা ডেবিট/ক্রেডিট কার্ড-এর মাধ্যমে টেন্ডার ডকুমেন্ট ফি প্রদান করুন
- টেন্ডার ডকুমেন্ট (Docs.) ট্যাবে, টেন্ডার ডকুমেন্টটি পড়ে দেখা হয়েছে মর্মে সম্মতি প্রদান করুন
- টেন্ডার প্রিপারেশন (Tend. Preparation) ট্যাবে, টেন্ডার ফরমসমূহ পূরণ করুন এবং প্রয়োজনীয় ডকুমেন্ট সংযুক্ত করুন
- ই-জিপি সদস্যভুক্ত কোনো ব্যাংকে টেন্ডার সিকিউরিটি জমা দিন। টেন্ডার ডকুমেন্ট ফি জমা দেয়ার পরপরই টেন্ডার সিকিউরিটি জমা দেয়া যাবে।
- টেন্ডার ফরমসমূহ সংকেতে রূপান্তর (এনক্রিপ্ট) করুন এবং টেন্ডার সংশোধনী ও অন্যান্য ডকুমেন্ট পড়া হয়েছে মর্মে সম্মতি প্রদানপূর্বক সার-সংক্ষেপ দেখুন
- সব কিছু ঠিক থাকলে 'ফাইনাল সাবমিশন' বাটন এ ক্লিক করে টেন্ডার জমা দিন।

**ধাপ-৩: টেন্ডার অ্যাওয়ার্ড**

- আপনার টেন্ডার গৃহীত হলে, আপনি টেন্ডার ড্যাশবোর্ডে Notification of Award (NOA) ট্যাবে 'একসেপ্ট/ডিকলাইন' লিংক পাবেন
- আপনি টেন্ডার অ্যাওয়ার্ডটি একসেপ্ট করতে চাইলে টেন্ডারের 'NOA' ট্যাবে 'অ্যাকশন'-এ 'একসেপ্ট' অপশন সিলেক্ট করুন
- প্রয়োজনীয় ব্যাংকের তথ্যাদি পূরণ করে 'সাবমিট' করুন। নোটিশে উলিখিত পারফরমেন্স সিকিউরিটি যে কোনো ই-জিপি সদস্যভুক্ত ব্যাংকে জমা দিন। উলেখ্য, NOA-তে উলিখিত সময়ের মধ্যে NOA একসেপ্ট না করলে NOA টি সিস্টেম থেকে স্বয়ংক্রিয়ভাবে ডিকলাইন হবে এবং টেন্ডার সিকিউরিটি বাজেয়াপ্ত হয়ে যাবে
- আপনি টেন্ডার অ্যাওয়ার্ডটি গ্রহণ করতে না চাইলে, টেন্ডারের 'NOA' ট্যাবে 'অ্যাকশন'-এ ডিকলাইন সিলেক্ট করে 'কমেন্ট' বক্সে আপনার মন্তব্য লিখুন এবং সাবমিট করুন। উলেখ্য যে, এক্ষেত্রে ডিকলাইন করলে টেন্ডার সিকিউরিটি বাজেয়াপ্ত হয়ে যাবে এবং টেন্ডার অ্যাওয়ার্ডটি পুনরায় 'একসেপ্ট' করার কোনো অপশন থাকবে না।

### ধাপ-১: টেন্ডার সংক্রান্ত তথ্য

1. আপনার রেজিস্টার্ড ই-মেইল আইডি দিয়ে লগইন করুন।
2. টেন্ডার নোটিশ দেখার জন্য www.eprocure.gov.bd সাইট দেখুন।
3. আপনার প্রয়োজন অনুযায়ী আপনার ড্যাশবোর্ড-এর 'লিমিটেড টেন্ডার' অথবা 'অল টেন্ডার' থেকে টেন্ডার ডকুমেন্ট দেখতে পাবেন।

### ধাপ-২: টেন্ডার প্রক্রিয়ায় অংশগ্রহণ

1. টেন্ডার আইডি এবং রেজিস্টার্ড ই-মেইল আইডি দিয়ে ই-জিপি সদস্যভুক্ত ব্যাংক অথবা ডেবিট/ক্রেডিট কার্ড-এর মাধ্যমে টেন্ডার ডকুমেন্ট-এর ফি প্রদান করুন।
2. Tender Preparation Tab — ডকুমেন্ট ফি প্রদান করার পর টেন্ডার ড্যাশবোর্ড-এর টেন্ডার প্রিপারেশন ট্যাব-এ টেন্ডার ফরম পাবেন।
3. টেন্ডার ফরম পূরণ ও সংরক্ষণ করুন এবং ই-জিপি সদস্যভুক্ত কোনো ব্যাংকে টেন্ডার সিকিউরিটি জমা দিন।
4. Final Submission — ফাইনাল 'এনক্রিপ্ট' করুন এবং 'ফাইনাল সাবমিশন' করুন।

### ধাপ-৩: টেন্ডার অ্যাওয়ার্ড

1. টেন্ডার গৃহীত হলে টেন্ডার ড্যাশবোর্ডে 'একসেপ্ট/ডিকলাইন' লিংক পাবেন।
2. Accept — টেন্ডার অ্যাওয়ার্ডটি একসেপ্ট করতে চাইলে টেন্ডারের 'NOA' ট্যাবে 'অ্যাকশন'-এ 'একসেপ্ট' অপশন সিলেক্ট করে প্রয়োজনীয় ব্যাংকের তথ্যাদি পূরণ করে 'সাবমিট' করুন। নোটিশে উলিখিত পারফরমেন্স সিকিউরিটি ই-জিপি সদস্যভুক্ত ব্যাংকে জমা দিন।
3. Decline — টেন্ডার অ্যাওয়ার্ডটি গ্রহণ করতে না চাইলে, টেন্ডারের 'NOA' ট্যাবে 'অ্যাকশন'-এ ডিকলাইন সিলেক্ট করে 'কমেন্ট' বক্সে মন্তব্য লিখে 'সাবমিট' করুন। এক্ষেত্রে ডিকলাইন করলে টেন্ডার সিকিউরিটি বাজেয়াপ্ত হবে এবং পুনরায় 'একসেপ্ট' করার কোনো অপশন থাকবে না।

### সার্বক্ষণিক সাহায্য

**২৪/৭**

- ফোন: +৮৮ ০৯৬০৯ ১১২২৩৩ (হান্টিং)
- মোবাইল: +৮৮ ০১৭৬২৬২৫৫২৮, +৮৮ ০১৭৬২৬২৫৫২৯, +৮৮ ০১৭৬২৬২৫৫৩০, +৮৮ ০১৭৬২৬২৫৫৩১
- অনলাইন ট্র্যাকিং সিস্টেম: www.helpdesk.eprocure.gov.bd
- ই-মেইল: helpdesk@eprocure.gov.bd
- ওয়েব সাইট: www.eprocure.gov.bd/HelpDesk.jsp